কানাইঘাটে প্রতিবন্ধীদের পাশে ইক্বরা ইন্টারন্যাশনাল

চেম্বার প্রতিবেদক:: সিলেটের কানাইঘাট উপজেলার বায়মপুর গ্রামে জন্মগ্রহণকারী মনোয়ার হোসেন বদরুদ্দোজা বসবাস করতেন লন্ডনে। এই লেখক, সংগঠক ও মানবাধিকার কর্মী মারা যান বছর দুয়েক আগে। সমাজের বিভিন্ন শ্রেণী ও মানুষের জন্য কিছু করতে তাঁর জীবদ্দশায় প্রতিষ্ঠা করেছিলেন ইক্বরা ইন্টারন্যাশনাল।

মনোয়ার হোসেন বদরুদ্দোজার স্বপ্ন ও অসমাপ্ত কাজ বাস্তবায়নে নিরলস কাজ করে যাচ্ছেন তাঁরই এক ঘনিষ্ঠ বন্ধু বদরুজ্জামান। ইক্বরা ইন্টারন্যাশনাল এর বোর্ড অফ ট্রাস্টির সদস্য হিসেবে মনোয়ার হোসেনের মৃত্যুর পর থেকে তাঁর জন্মস্থান বায়মপুর ও আশপাশ এলাকায় বিভিন্ন দুর্যোগের সময় নিয়মিত সহযোগিতার কাজ করে যাচ্ছেন বদরুজ্জামান। বিশেষ করে ইক্বরা ইন্টারন্যাশনালের মাধ্যমে প্রতিবন্ধীদের পাশে দাঁড়াচ্ছেন, বিভিন্ন সময় তাদেরকে খাদ্য সহযোগিতা প্রদান করছেন।

প্রতিবন্ধী ব্যক্তিদের সহযোগিতার অংশ হিসেবে ইক্বরা ইন্টারন্যাশনাল এর পক্ষ গত শনিবার (৮ আগস্ট ২০২০) এক খাদ্য বিতরণ কর্মসূ্চীর আয়োজন করা হয় মনোয়ার হোসেন বদরুদ্দোজার গ্রামের বাড়ি বায়মপুরে। লন্ডনে অবস্থানরত বদরুজ্জামান এর সার্বিক দিকনির্দেনায় ও পৃষ্ঠপোষকতায় স্থানীয়ভাবে এখানেই এই কর্মসূচীর আয়োজন করেন স্থানীয়রা।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কানাইঘাট উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাওলানা আব্দুল্লাহ শাকির।আরো উপস্থিত ছিলেন মনোয়ার হোসেইন বদরুদ্দোজার ভাগ্না গোলাপগঞ্জ উপজেলার পল্লী উন্নয়ন কর্মকর্তা আব্দুল মোহাইমিন চৌধুরী, কানাইঘাট দারুল উলুম মাদ্রাসার শিক্ষক মাওলানা আসাদ উদ্দিন, কানাইঘাট পৌর ছাত্রদলের যুগ্ম আহবায়ক মোয়াজ্জেম হোসেন আল আমিন

প্রমুখ।

উপজেলা ভাইস চেয়ারম্যানসহ অতিথিরা কয়েকজন প্রতিবন্ধী ব্যক্তির হাতে ইক্বরা ইন্টারন্যাশনাল কর্তৃক প্রদত্ত খাদ্যের প্যাকেট তুলে দেন। প্রতিটি প্যাকেটে বিভিন্ন প্রকার খাদ্য সামগ্রী ছিল।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা আব্দুল্লাহ শাকির বলেন, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য মনোয়ার হোসেন বদরুদ্দোজা অনেক কিছু করতে চেয়েছিলেন। কিন্তু স্বপ্ন রেখেই তিনি আল্লাহর দরবারে চলে যান। তাঁর গড়া দাতব্য প্রতিষ্ঠান এখন প্রতিবন্ধীদের জন্য এবং বিভিন্ন দুর্যোগ মুহুর্তে যে কাজগুলো করে যাচ্ছে তা সত্যিই প্রশংসার দাবীদার। তিনি তাঁর বক্তব্যে মনোয়ার হোসেনের কর্মময় জীবনের নানা দিক তুলে ধরেন।

অন্যান্য অতিথি মনোয়ার হোসেনের স্বপ্ন ও কাজের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, তাঁর অকাল মৃত্যুতে যে ক্ষতি হয়েছে তা অপূরণীয়।

প্রতিবন্ধীদের মাঝে খাদ্য বিরতরণ কর্মসূচী সুন্দরভাবে আয়োজন ও সম্পন্ন করায় ইক্বরা ইন্টারন্যাশনাল এর এর বোর্ড অফ ট্রাস্টির সদস্য বদরুজ্জামান স্থানীয়দের ধন্যবাদ জানান। অন্যদিকে ওই অনুষ্ঠানের অতিথিরা বদরুজ্জামানকে ধন্যবাদ জানান এমন একটি কর্মসূচীর পৃষ্ঠপোষকতা করায়। প্রতীবন্ধী ব্যক্তিরাও বদরুজ্জামান এবং ইক্বরা ইন্টারন্যাশনাল এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। খাদ্য সহযোগিতা পেয়ে যারা খুবই খুশি।